দৈনিক ইত্তেফাক

তারিখ .. 09 DEC 1996
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৫

# প্রাথমিক শিক্ষিকার শূন্যপদে হাজার হাজার প্রার্থীর আবেদনের পথ রুদ্ধ

বরিশাল অফিস ॥ সারাদেশে প্রাথমিক শিক্ষক-শিক্ষিকার শূন্যপদে লোক নিয়োগের জন্য প্রাথমিক শিক্ষা অধিদপ্তর আবেদনপত্র আহ্বান করিয়াছে। ২১শে ডিসেম্বর আবেদনপত্র জমাদানের শেষ দিন। মহিলা প্রার্থীদের জন্য নিম্নতম শিক্ষাগত যোগ্যতা ধরা হইয়াছে এস, এস, সি পাস। আবেদনপত্রের সাথে মূল সার্টিফিকেটের সত্যায়িত কপি জমা দিতে বলা হইয়াছে। ১৯৯৩ সনের (শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## প্রাথমিক শিক্ষিকার

(১ম পৃঃ পর)

পর যশোর বোর্ড এস,এস,সি পরীক্ষার মূল সার্টিফিকেট এখনও ইস্যু করে নাই। এ কারণে ১৯৯৪ সন হইতে যাহারা ঐ পরীক্ষায় পাস করিয়াছে তাহারা এখনও সার্টিফিকেট পায় নাই। ফলে যশোর বোর্ড অধীন খুলনা ও বরিশাল বিভাগের হাজার হাজার মহিলা প্রার্থী আবেদন করার সুযোগ পাইতেছে না। বোর্ড কর্তৃক সরবরাহকৃত মূল নম্বর ফর্দের সত্যায়িত কপি জমাদানের সুযোগ দেওয়া হইলে ঐ প্রার্থীরাও আবেদন করার সুযোগ লাভ করিবেন।